যুগান্তর

তারিখ ... 3 APR 2017
পৃষ্ঠা ২ ... কলাম 6

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা শুরু ১৭ এপ্রিল

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা আগামী ১৭ এপ্রিল থেকে শুরু হবে। পরিবর্তিত সময়সূচি অনুযায়ী এ পরীক্ষা ১৭ এপ্রিল থেকে শুরু হয়ে ১৩ জুন শেষ হবে। ১৭ এপ্রিল থেকে ২৪ মে পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাগুলো প্রতিদিন দুপুর ২টা থেকে শুরু হবে এবং পবিত্র রমজানে ২৭ মে থেকে ১৩ জুন পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাগুলো প্রতিদিন সকাল ৯টা থেকে শুরু হবে। পরীক্ষার পরিবর্তিত বিস্তারিত সময়সূচি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd) পাওয়া যাবে। রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এ তথ্য জানিয়েছে।